


মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড

সমিতির প্রতিষ্ঠাকাল থেকে বর্তমান পর্যন্ত কর্মকর্তাদের বিভিন্ন মেয়াদে কার্যকাল ও পদবী



প্রয়াত আগষ্টিন ছেড়াও
(প্রতিষ্ঠাতা চেয়ারম্যান)

জন্ম ভাসানিয়া দক্ষিণপাড়া, তিনি ১/৭/১৯৬২ খ্রীঃ সমিতির সদস্যপদ গ্রহণ করেন, সদস্য নং-২। প্রয়াত আগষ্টিন ছেড়াও একজন প্রতিষ্ঠাতা সদস্য। ১৯৬২-১৯৬৪ খ্রীষ্টাব্দ দুই মেয়াদে চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন, পাশাপাশি তিনি একই মেয়াদে ঋণদান পরিষদের চেয়ারম্যান ছিলেন। আমাদের সম্মানিত প্রতিষ্ঠাতা চেয়ারম্যান দীর্ঘ সময় সমাজ সেবা'র পর পরোলোকগত হন।



প্রয়াত টমাস রোজারিও
(প্রাক্তন চেয়ারম্যান)

প্রয়াত টমাস রোজারিও মঠবাড়ী গ্রামে জন্ম গ্রহণ করেন। ১/৭/১৯৬২ খ্রীঃ সদস্যপদ গ্রহণ করেন সদস্য নং ৩ তিনি একজন প্রতিষ্ঠাতা সদস্য। ১৯৬২-১৯৬৪ খ্রীষ্টাব্দ মেয়াদে ভাইস-চেয়ারম্যান ছিলেন, একই সাথে ১৯৬২-১৯৬৪ মেয়াদে ঋণদান পরিষদের সদস্য হিসাবেও কাজ করেছেন। ১৯৬৪-১৯৭৭ চার মেয়াদে চেয়ারম্যান ছিলেন। সেপ্টেম্বর ২০০৩ খ্রীষ্টাব্দে তিনি মৃত্যুবরণ করেন।




প্রয়াত মাইকেল রোজারিও
(প্রাক্তন চেয়ারম্যান)

তিনি ভাসানিয়া-উত্তর পাড়া জন্ম গ্রহণ করেন। ২৪/৭/১৯৬৬ খ্রীষ্টাব্দে সমিতিতে সদস্যপদ গ্রহণ করেন, তার সদস্য নং - ৩৫৮। ১৯৭৭ ও ১৯৮১ দুই মেয়াদে সমিতির চেয়ারম্যান ছিলেন। পরবর্তীতে ১৯৮৩ -১৯৮৪ মেয়াদে কোষাধ্যক্ষ হিসাবে কাজ করেছেন। তিনি ১৮ ফেব্রুয়ারী ১৯৯৬ খ্রীষ্টাব্দ সুন্দর এ পৃথিবীর মায়া ত্যাগ করে পরলগত হন।



মিঃ নিমাই এডুরাজ গমেজ
(প্রাক্তন চেয়ারম্যান)

সদস্য নং ৯, গ্রামঃ দক্ষিণ মঠবাড়ী, সদস্যপদ গ্রহণের তারিখ ১/৭/১৯৬২ খ্রীষ্টাব্দ। প্রতিষ্ঠাতা সদস্য। ১৯৭৯-১৯৮১ মেয়াদে ভাইস-চেয়ারম্যান ছিলেন। ১৯৮১-১৯৮৪ দুই মেয়াদে সমিতির চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন। ১৯৮৪-১৯৮৬ দুই মেয়াদে ঋণদান পরিষদের চেয়ারম্যান ও ১৯৮৬-১৯৮৮ সময়ে ঋণদান পরিষদের সদস্য হিসাবে কাজ করেছেন।



প্রয়াত যোসেফ এরন রোজারিও
(প্রাক্তন চেয়ারম্যান)

গ্রামঃ উলুখোলা, সদস্যপদ গ্রহণের তারিখ ১/৭/১৯৬২ খ্রীষ্টাব্দ। প্রতিষ্ঠাতা সদস্য, সদস্য নং ৪। ১৯৬২-১৯৬৩ মেয়াদে ডিরেক্টর- ১৯৬৩-১৯৬৪-মেয়াদে সেক্রেটারী ছিলেন। ১৯৬৮ সালে ঋণদান পরিষদের সেক্রেটারী হিসাবে কাজ করেছেন। এরপর ১৯৮১-১৯৮৪ পর্যন্ত পর্যবেক্ষণ পরিষদের চেয়ারম্যান। ১৯৮৪-১৯৮৫ মেয়াদে সমিতির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন, অবশেষে ১৯৮৫-১৯৮৬ খ্রীঃ ডিরেক্টর হিসাবে কাজ করে শেষ নিশ্বাস ত্যাগ করেন।



মিঃ অনিল ইউজিন রোজারিও
(প্রাক্তন চেয়ারম্যান)

সদস্য নং ২০১, গ্রামঃ ভাসানিয়া-উত্তর, সদস্যপদ গ্রহণের তারিখ ৯/৮/১৯৬৪ খ্রীষ্টাব্দ। তিনি সর্বপ্রথম ১৯৭৯-১৯৮১ মেয়াদে সমিতির কোষাধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালন করেন। ১৯৮১-১৯৮৫ দুই মেয়াদে ম্যানেজার হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি ১৯৮৫-১৯৮৬ মেয়াদে সমিতির চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন।